



বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
কৃষি ব্যাংক ভবন
৮৩-৮৫, মতিবিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০

ফোন : ৯৫৭৪০২৫
: ৯৫৬০০৩১-৩৫/২৫০

শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ

নং-প্রকা/শানিব্যউবি-১(৩৩)/২০১৬-২০১৭/ ১৪৭১(১২০০)

তারিখ : ২২-০৬-২০১৭

- ০১। সকল বিভাগীয় মহাব্যবস্থাপক
- ০২। মহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
- ০৩। উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ
- ০৪। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক
- ০৫। সকল শাখা ব্যবস্থাপক(মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক

বিষয় : আসন্ন পবিত্র ঈদ-উল-ফিতর উপলক্ষে ছুটিকালীন সময়ে ব্যাংকের নিরাপত্তা বিধান প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের প্রতি সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। চলতি জুন, ২০১৭ মাসের ২৬/২৭ তারিখে(চাঁদ দেখার উপর নির্ভরশীল) পবিত্র ঈদ-উল-ফিতর উদযাপিত হবে মর্মে আশা করা যাচ্ছে। শব-ই-কদর, জুমাতুল বিদা ও পবিত্র ঈদ-উল-ফিতর এর ছুটিসহ সাপ্তাহিক ছুটির কারণে ব্যাংক বন্ধ থাকবে। ঐ সময় শাখা/কার্যালয়ের নিরাপত্তা গ্রহণী ব্যক্তি অধিকাংশ কর্মকর্তা/কর্মচারী শাখা/কার্যালয়ের বাহিরে অবস্থান করবেন। উক্ত ছুটিকালীন সময়ে ব্যাংক বন্ধ থাকার কারণে যাতে কোন ধরনের অঘটন/দুর্ঘটনা সংঘটিত না হয় সে লক্ষ্যে শাখা/কার্যালয়ের পর্যাণ্ড নিরাপত্তা নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট সকলের অনুরোধ করা হলো।

০৩। শাখা/কার্যালয়ের পর্যাণ্ড নিরাপত্তা নিশ্চিত করার জন্য রাজধানীর শাখাগুলোসহ মাঠ পর্যায়ের সকল শাখার দিবা-রাত্রি নিরাপত্তা আরো জোরদার করার লক্ষ্যে সকল শাখা ব্যবস্থাপকসহ সংশ্লিষ্ট নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষকে নিম্নোক্ত সর্বকর্তামূলক ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

- (১) শব-ই-কদর, জুমাতুল বিদা ও পবিত্র ঈদ-উল-ফিতর এর ছুটিসহ সাপ্তাহিক ছুটিকালীন সময় দিন রাত ২৪ ঘণ্টা শাখা/কার্যালয়ের যথাযথ নিরাপত্তা নিশ্চিত করতে হবে। এ লক্ষ্যে শাখা/কার্যালয়ের প্রধান/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা সংশ্লিষ্ট নিরাপত্তা গ্রহণীর সার্বক্ষণিক উপস্থিতি নিশ্চিতকরণ পূর্বক তার সাথে নিয়মিত যোগাযোগ রক্ষা করবেন।
- (২) শাখা/কার্যালয়ের নিরাপত্তা গ্রহণী যাতে শাখা/কার্যালয়ের সার্বক্ষণিক অবস্থান করে যথাযথভাবে দায়িত্ব/কর্তব্য পালন করে সে বিষয়ে শাখা/কার্যালয়ের ডিউটি রেজিস্টার সংরক্ষণ করতঃ ব্যবস্থাপক ও দ্বিতীয় কর্মকর্তা/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা যে কোন একজন কর্মকর্তা অবস্থান করে শাখা/কার্যালয়ের নিরাপত্তা নিবিড় তদারকী করবেন যাতে করে সংশ্লিষ্ট নিরাপত্তা গ্রহণীর সার্বক্ষণিক উপস্থিতি নিশ্চিত করা সম্ভব হয়।
- (৩) উপরে বর্ণিত ছুটিকালীন সময়ে নিরাপত্তা কর্মী কোন পরিচিত বা আত্মীয়-স্বজন কোন অবস্থায়ই শাখার অভ্যন্তরে অবস্থান করতে পারবেন না।
- (৪) আলোচ্য ছুটিকালীন সময়ে নিরাপত্তা কর্মী কোন অবস্থায়ই ব্যাংকের দরজা খোলা রেখে নিকট অথবা দূরে কোথাও যেতে পারবেন না।
- (৫) ব্যাংকের নিরাপত্তা ঘটনা এবং সিসিটিভি(যদি থাকে) সার্বক্ষণিকভাবে সচল রাখতে হবে।
- (৬) শব-ই-কদর, জুমাতুল বিদা ও পবিত্র ঈদ-উল-ফিতর এর ছুটিসহ সাপ্তাহিক ছুটিকালীন সময়ে শাখার ভেন্টে যতটা সম্ভব কম টাকা রাখতে হবে।
- (৭) এ সময় শাখা/কার্যালয়ের সকল দরজা/জানালা যথাযথভাবে বন্ধ রাখতে হবে এবং রাতে শাখা/কার্যালয়ের অভ্যন্তরে ও বাহিরে Security Light জ্বালিয়ে রাখতে হবে।
- (৮) কোন কর্মকর্তা/কর্মচারীর গাফলতির কারণে শাখা/কার্যালয়ের নিরাপত্তা বিঘ্নিত হলে ধরনের অঘটন/দুর্ঘটনা সংঘটিত হলে তার দায়ভার সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর উপর fix-up করতে হবে।

০৪। এমতাবস্থায়, শব-ই-কদর, জুমাতুল বিদা ও পবিত্র ঈদ-উল-ফিতর এর ছুটিসহ সাপ্তাহিক ছুটিকালীন সময়ে শাখা/কার্যালয়ের পর্যাণ্ড নিরাপত্তা বিধানের বিষয়টি নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে বিশেষভাবে অনুরোধ করা হলো। শাখা/কার্যালয়ের নিরাপত্তা বিধানের সুবিধার্থে নিকটবর্তী/আওতাধীন থানা/পুলিশ ফাঁড়ির ফোন নম্বর নিরাপত্তা কর্মীদেরকে সরবরাহ করার জন্য অনুরোধ করা হলো।

আপনার বিশ্বস্ত,

(মোঃ মিজানুর রহমান)

উপ মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৭৪০২৫

তারিখ : ২২-০৬-২০১৭

নং-প্রকা/শানিব্যউবি-১(৩৩)/২০১৬-২০১৭/১৪৭১(১২০০)

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ-

- ১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক -১ ও ২ মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৪। মহাব্যবস্থাপক ও অধ্যক্ষ, স্টাফ কলেজ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, মিরপুর, ঢাকা।
- ৫। সচিব/সকল উপ-মহাব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। আইসিটি সিস্টেমস বিভাগকে উপরোক্ত পত্রটি বিকেবি, ওয়েব-সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
- ৬। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ৭। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ৮। নথি/মহানথি।

(মোঃ আবুল কালাম জুইয়া)

সহকারী মহাব্যবস্থাপক